দৈনিক বাংলা

তারিখ ...19 OCT 1990
পৃষ্ঠা... ১ ......কলাম...৩ ...

22

# চট্টগ্রাম ভার্সিটিতে ছাত্র ধর্মঘট

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৮ই অক্টোবর।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা ইফতেখার হোসেন চৌধুরীর

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ছাত্র ধর্মঘট (প্রথম পৃঃ পর)

উপর হামলার প্রতিবাদে আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালিত হয়।

ধর্মঘট চলাকালে ছাত্রদলের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে চাকসুর এজিএস মাহবুবুর রহমান, আমিনুর রশিদ, মাঈনুল হাসান প্রমুখ বক্তৃতা করেন।

শহরের আজ এক ছাত্র সমাবেশে বক্তারা বলেন, দেশ ও জাতি যখন ঐক্যবদ্ধ হচ্ছে তখন ঐক্য বিনষ্টকারী একটি চক্র এই হামলা চালিয়েছে। তারা এর বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহবানজানান।